পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ৯৮৪/শা-২/প.

তারিখঃ ১২ বৈশাখ, ১৪২৫
২৫ এপ্রিল, ২০১৯

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

২০১৬ সনের মাস্টার্স শেষ পর্ব নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৪-২০১৫, ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের অনিয়মিত ও মানোন্নয়ন এবং ২০১৬ সনের প্রাইভেট নিয়মিত ও ২০১৫, ২০১৪ সনের প্রাইভেট অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষা আগামী জুন মাসে শুরু হবে। পরীক্ষার্থীদের অনলাইনে আবেদনফরম পূরণ, আনুষঙ্গিক নিয়ম, শর্তাবলী ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক কার্যাবলি নিম্নে প্রদত্ত হলো। পরীক্ষার বিস্তারিত সময়সূচি পরবর্তীতে জানানো হবে।

* আবেদন ফরমপূরণ, জমাদান, ব্যাংক ড্রাফট ও বিবরণী ফরম এবং সফ্‌টকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের তারিখঃ

পরীক্ষার্থী কর্তৃক আবেদন ফরমপূরণ শুরু ও জমাদানের শেষ তারিখ	ব্যাংক ড্রাফটের তারিখ	ঢাকা বিশ্ববিদ্যালয়ে বিবরণী ফরম, সফ্‌টকপি ও অন্যান্য কাগজপত্র জমাদানের শেষ তারিখ
২৮/০৪/২০১৯ থেকে ১৪/০৫/২০১৯	১৬/০৫/২০১৯	১৯/০৫/ ২০১৯

২০১৫-১৬ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার নির্ধারিত ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ

ক্র. নং	বিবরণ	নির্ধারিত ফি	ক্র. নং	বিবরণ	নির্ধারিত ফি
ক	তত্ত্বীয় ফি (প্রতি পূর্ণ পত্র)	২৫০/-	ছ	সমাজকর্ম বিষয়ের মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)	১০০০/-
খ	তত্ত্বীয় ফি (প্রতি অর্ধ পত্র)	১৫০/-	জ	টার্ম পেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- * বিশ্ববিদ্যালয়ে জমা হবে- ১০০/- *কলেজে জমা হবে- ১৫০/-	২৫০/-
গ	কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী কেন্দ্র- ৪৫০/- এবং কলেজ- ৩০০/-)	৭৫০/-	ঝ	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- • বিশ্ববিদ্যালয়ে জমা হবে -১০০/- • কলেজে জমা হবে- ২০০/-	৩০০/-
ঘ	মৌখিক পরীক্ষার ফি	২৫০/-	ঞ	থিসিস ফি (পযোজ্য ক্ষেত্রে)	১,৫০০/-
ঙ	ব্যবহারিক পরীক্ষার ফি	২৫০/-	ট	সাময়িক সনদ ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)	৩০০/-
চ	কেন্দ্র ফি-ব্যবহারিক (কলেজে জমা হবে)	১২০/-	ঠ	নম্বরপত্র ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)	৪৫০/-

২০১৫-১৬ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) ঃ

ক্র. নং	বিবরণ	মোট ফিস
ক	এমএ/এমএসএস/এমবিএ (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে	২,৯৫০/- (নিয়মিত ও অনিয়মিত)
		২,৮৫০/- (প্রাইভেট)
খ	এমএসসি (নিয়মিত ও অনিয়মিত) সকল পত্রে অংশগ্রহণকারী পরীক্ষার্থীর ক্ষেত্রে	৩,১০০/-
গ	থিসিস ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	১,৫০০/-
ঘ	আইসিটি ফি (প্রযোজ্য ক্ষেত্রে)	৭০০/- (নির্ধারিত)
ঙ	গ্রেড উন্নয়ন, সি.জি.পি.এ. এবং অকৃতকার্য পরীক্ষাথীর ক্ষেত্রে	৩০০/-
চ	শুধুমাত্র মৌখিক/ব্যবহারিক/টার্মপেপার/মাঠকর্ম/থিসিস পত্রে অংশগ্রহণকারী পরীক্ষাথীর ক্ষেত্রে	১,০০০/-

১। **পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি ঃ**

(ক) **নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীর ক্ষেত্রে ঃ**
২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়/জাতীয় বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) **অকৃতকার্য শিক্ষার্থীর ক্ষেত্রে ঃ**
F গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা ২০১৬ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। একজন শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সের পাশাপাশি **মানোন্নয়নের জন্য C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ দুইটি কোর্সে** ২০১৬ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় চলতি সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। তবে **C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে** একবারের বেশি মানোন্নয়নের সুযোগ পাবে না।

(গ) **মানোন্নয়নের ক্ষেত্রে ঃ**
একজন শিক্ষার্থী মানোন্নয়নের জন্য **শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে** ২০১৬ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় চলতি সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। তবে একবারের বেশি মানোন্নয়নের সুযোগ পাবে না।

(ঘ) **CGPA উন্নয়নের ক্ষেত্রে ঃ**
একজন শিক্ষার্থী CGPA উন্নয়নের জন্য **শুধুমাত্র ২০১৬ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ০২ (দুই) টি কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে ।**

(ঙ) **ইনকোর্স, টার্মপেপার, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও থিসিস পরীক্ষায় গ্রেড উন্নীতকরণের কোনো সুযোগ নাই ।**

বিঃ দ্রঃ- কোনো শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে। মানোন্নয়নের ক্ষেত্রে ১ম অথবা ২য় বারের পরীক্ষার মধ্যে যে গ্রেড উচ্চতর হবে তা যোগ করা হবে এবং তার ভিত্তিতেই ফলাফল নির্ধারণ করা হবে ।

২। **ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলি ঃ**

ক) সকল পরীক্ষাথীদের (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ ২০% নম্বরের একটি ইন-কোস/টার্ম পেপার পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরে বিপরীতে এন্টি করে এর ১ কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও ২কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

খ) **ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মূল নম্বর পত্রের (ম্যানুয়াল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মূল কপি (ম্যানুয়েল কপি) ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে ।**

৩। পাঠ্যসূচি ঃ
২০১৫-২০১৬ শিক্ষাবষের ICT সহ এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি শেষ পর্ব পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত চলতি সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৪। **অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Formfilup বাটনে** ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) **যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী ০৯/০৫/২০১৯ তারিখের মধ্যে তার সকল তথ্য-উপাত্তসহ কলেজে আবেদন করবে। কলেজ কর্তৃপক্ষ উক্ত শিক্ষার্থীদের তথ্য-উপাত্ত যাচাইবাছাই করে আগামী ১২/০৫/২০১৯ তারিখ Excell Formate -এ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ই-মেইল -এ প্রেরণ করতে হবে।**

৫। <u>পরীক্ষার্থীদের জন্য করনীয়</u> ঃ

পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড সিলেক্ট করতে ভুল হলে তা পুনরায় বিশ্ববিদ্যালয়ে আবেদনের প্রেক্ষিতে সঠিকভাবে পূরণ করতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৬। <u>কলেজের জন্য করণীয়</u> ঃ

যে সকল পরীক্ষার্থী ২০১৬ সালের মাস্টার্স শেষ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু অনলাইনে পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তার ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা ১২/০৫/২০১৯ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এক কপি কলেজ সংরক্ষণ করবে উল্লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়া পর্যন্ত।

<u>অনলাইনে আবেদন ফরম পূরণ নিশ্চয়ণ ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য)</u>

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7college.du.ac.bd) **Formfilup লিংক -এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে কলেজ কর্তৃপক্ষ নিশ্চয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশ্চয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।**

খ) মানোন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে যে পত্র/পত্রসমূহ মানোন্নয়ন দিতে ইচ্ছুক সে বিষয় কোড এন্ট্রি করতে হবে।

গ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

৭। <u>ফি জমাদানের নিয়মাবলী</u> ঃ

২০১৬ সালের মাস্টার্স শেষ বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৬৬- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে -অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এ ছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (এক শত টাকা) যা বিশ্ববিদ্যালয়ে নগদ জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে কলেজকে প্রদান করবে।

০৮। <u>বিবিধ</u> ঃ

ক) পরীক্ষাথীদের পরীক্ষার হলে বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহকৃত মূল রেজিস্ট্রেশন কার্ড/প্রবেশ পত্র প্রদশন করতে হবে।

খ) পরীক্ষাথীর রেজিস্ট্রেশন কার্ডে/প্রবেশপত্রে উল্লিখিত নিদিষ্ট বিষয়/পত্র কোড ছাড়া অন্য কোনো বিষয়/পত্র কোড -এ আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

গ) পরীক্ষার সময়সূচি যথাসময়ে সংশিষ্ট কলেজ/কেন্দ্রসমূহে প্রেরণ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

ঘ) পরীক্ষার্থীরা নিজ নিজ কলেজ কেন্দ্রে পরীক্ষা দিতে পারবে না। অধ্যক্ষগণকে এ বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্যে অনুরোধ করা হলো।

ঙ) একজন পরীক্ষাথীর রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে অন্য কোনো পরীক্ষার্থীকে অবৈধভাবে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দেয়া হলে তার দায় দায়িত্ব সংশ্লিষ্ট কলেজ অধ্যক্ষ বহন করবেন।

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd

২৮/৪/২০১৯